অতি জরুরি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
মন্ত্রিসভা-বৈঠক অধিশাখা

নং-০৪.০০.০০০০.৩১১.৩১.০০৫.১৮.৫৬২

তারিখ: ১৫ আশ্বিন ১৪২৭
৩০ সেপ্টেম্বর ২০২০

বিষয়: **জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের শাসনামলে প্রণীত আদেশ/আইন ইত্যাদি সংশোধন/পরিমার্জনের ক্ষেত্রে বিবেচ্য বিষয় সংক্রান্ত।**

গত ২৪ আগস্ট ২০২০ তারিখে অনুষ্ঠিত মন্ত্রিসভা-বৈঠকে একটি বিবেচ্য বিষয় আলোচনাকালে মন্ত্রিসভা কর্তৃক জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের শাসনামলে প্রণীত আদেশ/আইন ইত্যাদি বিষয়ে নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

"আলোচনা:

৪.১। স্বাধিকার আদায়ের আন্দোলন ও মুক্তি সংগ্রামের মাধ্যমে লব্ধ স্বাধীনতার লক্ষ্যমূলে সক্রিয় থাকে রাষ্ট্রদর্শন যাহা নূতন রাষ্ট্রের সামাজিক, অর্থনৈতিক ও রাজনৈতিক ব্যবস্থার বুনিয়াদ রচনা করে। এই প্রেক্ষাপটে, স্বাধীন রাষ্ট্রের নবগঠিত সরকার রাষ্ট্র পরিচালনার ক্ষেত্রে শাসনতন্ত্র, আইন, বিধি-বিধান, আদেশ, নীতি ও কর্মপরিকল্পনাসহ আইনি কর্তৃত্বসম্পন্ন যে-সকল নির্দেশনা প্রণয়ন করে উহাদের মধ্যে তাৎপর্যপূর্ণভাবে নিহিত থাকে রাষ্ট্রব্যবস্থার বৈশিষ্ট্যপূর্ণ ভাবধারা। সার্বিক পরিপ্রেক্ষিত বিবেচনায় এই সকল আইনের ঐতিহাসিক গুরুত্ব অপরিসীম ও চিরন্তন এবং উহাদের সংরক্ষণ ভবিষ্যত প্রজন্মের জন্য দিক্‌নির্দেশক হিসাবে যথাযথ সিদ্ধান্ত গ্রহণে সহায়ক ভূমিকা পালন করিয়া থাকে। পরিবর্তিত প্রেক্ষাপটে প্রযোজ্য ক্ষেত্রে কেবল উহাদের প্রয়োজনানুগ পরিবর্তন/পরিমার্জন/সংযোজন করতঃ সংশোধন আইন প্রণয়নের উদ্যোগ গ্রহণ করা সমীচীন।

৪.২। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের রাজনৈতিক দর্শন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানসহ সকল আইন প্রণয়নের সঙ্গে ঐতিহাসিকভাবে সম্পৃক্ত। স্বাধীনতা অর্জনের পর তাঁহার শাসনামলে রাষ্ট্র ও সরকার পরিচালনার ক্ষেত্রে প্রয়োজনীয় আইনি কাঠামো তাঁহার প্রত্যক্ষ তত্ত্বাবধান ও নির্দেশনায় সৃজিত হয়। প্রণীত হয় প্রয়োজনীয় সকল আইন, বিধি-বিধান, আদেশ, নীতি ও কর্মপরিকল্পনাসহ আইনি কর্তৃত্বসম্পন্ন নির্দেশনাসমূহ, যাহা রাষ্ট্র পরিচালনার ভিত্তি নির্মাণ করে। ইহার ধারাবাহিকতায় পরবর্তীকালে সময় ও পরিপ্রেক্ষিত বিবেচনায় কেবল উহাদের পরিমার্জন/পরিবর্ধন/সংশোধনকরণের মাধ্যমে আইনি কাঠামোকে সুপ্রযুক্ত করা হইতেছে। এই পরিপ্রেক্ষিতে, তাঁহার শাসনামলে প্রণীত রাষ্ট্রপতির আদেশ ও আইনসমূহ রহিতকরণ যুক্তিযুক্ত হইবে না। তবে, পরিবর্তিত পরিপ্রেক্ষিত বিবেচনায় ঐসকল রাষ্ট্রপতির আদেশ ও আইনসমূহের কোনোরূপ সংশোধন/পরিমার্জন/পরিবর্ধনের আবশ্যকতা দেখা দিলে সেই ক্ষেত্রে কেবল সংশ্লিষ্ট বিষয়ে প্রয়োজনানুগ সংশোধনের উদ্যোগ গ্রহণ করা সমীচীন হইবে।

***

সিদ্ধান্ত:

**৫.১। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের শাসনামলে প্রণীত রাষ্ট্রপতির আদেশ ও আইনসমূহ পরিবর্তিত প্রেক্ষাপটে কোনরূপ সংশোধন/পরিমার্জন/পরিবর্ধনের আবশ্যকতা দেখা দিলে ঐগুলি রহিত না করিয়া কেবল প্রয়োজনানুগ সংশোধনের উদ্যোগ গ্রহণ সমীচীন।**

***"

২। এমতাবস্থায়, বর্ণিত সময়ে প্রণীত কোন আদেশ/আইন রহিত না করে পরিবর্তিত প্রেক্ষাপটে তা সংশোধনের উদ্যোগ গ্রহণ করা আবশ্যক।

৩। বর্ণিত পরিপ্রেক্ষিতে, মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক বর্ণিত সময়ে প্রণীত কোন আইন/আদেশ ইত্যাদি সংশোধন/পরিমার্জনের ক্ষেত্রে উপর্যুক্ত বিষয়সমূহ বিবেচনার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

৩০/৯/২০২০
(মনিরা বেগম)
উপসচিব
ফোন: ৯৫১১০৩৪

বিতরণ:

১। প্রধানমন্ত্রীর মুখ্যসচিব।
২। সিনিয়র সচিব
...............................................................মন্ত্রণালয়/বিভাগ।
৩। সচিব
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা মন্ত্রণালয়/বিভাগ।

[পত্রটির অনুলিপি তাঁর মন্ত্রণালয়/বিভাগের সকল শাখা/অধিশাখা/সেলের গার্ডফাইলে সংরক্ষণের ব্যবস্থা গ্রহণের জন্যও অনুরোধ করা হলো।]

D:\Interem\Templets\50 Summary sending back_latter.doc

শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
প্রশাসন শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.tmed.gov.bd

মুজিব শতবর্ষ MUJIB 100

স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.০৪০.৯৯.০০৭.২০.৭৮৯

তারিখ: ২৩ আশ্বিন ১৪২৭
০৮ অক্টোবর ২০২০

বিষয়: **জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের শাসনামলে প্রণীত আদেশ/আইন ইত্যাদি সংশোধন/পরিমার্জনের ক্ষেত্রে বিবেচ্য বিষয় সংক্রান্ত।**

সূত্র: মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নং-০৪.০০.০০০০.৩১১.৩১.০০৫.১৮.৫৬২; তারিখ: ৩০ সেপ্টেম্বর ২০২০

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গত ২৪ আগস্ট ২০২০ তারিখে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের শাসনামলে প্রণীত আদেশ/আইন ইত্যাদি সংশোধন/পরিমার্জনের ক্ষেত্রে মন্ত্রিসভা-বৈঠকে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

*“জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের শাসনামলে প্রণীত রাষ্ট্রপতির আদেশ ও আইনসমূহ পরিবর্তিত প্রেক্ষাপটে কোনরূপ সংশোধন/পরিমার্জন/পরিবর্ধনের আবশ্যকতা দেখা দিলে ঐগুলি রহিত না করিয়া কেবল প্রয়োজনানুগ সংশোধনের উদ্যোগ গ্রহণ সমীচীন”।*

০২. এমতাবস্থায়, বর্ণিত সময়ে কোন আইন/আদেশ ইত্যাদি সংশোধন/পরিমার্জনের ক্ষেত্রে উল্লিখিত সিদ্ধান্ত অনুসরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: মন্ত্রিপরিষদ বিভাগের পত্র ০১ (এক) পাতা।

৮-১০-২০২০
মীর জাহিদ হাসান
যুগ্মসচিব
ফোন: ০২-৪১০৫০১৩০
ইমেইল: jstmed7@gmail.com

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):
১) অতিরিক্ত সচিব, প্রশাসন ও উন্নয়ন অনুবিভাগ, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
২) অতিরিক্ত সচিব, অডিট ও আইন অনুবিভাগ, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
৩) অতিরিক্ত সচিব , অতিরিক্ত সচিব (উন্নয়ন), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
৪) অতিরিক্ত সচিব (রুটিন দায়িত্ব), কারিগরি অনুবিভাগ , কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
৫) অতিরিক্ত সচিব, প্রশাসন অধিশাখা, কারিগরি ও মাদ্রাসা

শিক্ষা বিভাগ
৬) অতিরিক্ত সচিব , যুগ্মসচিব (কারিগরি) এর দপ্তর ,
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
৭) মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর
৮) মহাপরিচালক (অতিরিক্ত সচিব) , মাদরাসা শিক্ষা
অধিদপ্তর
৯) চেয়ারম্যান, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড
১০) চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড
১১) পরিচালক, জাতীয় কম্পিউটার প্রশিক্ষণ ও গবেষণা
একাডেমী (নেকটার), বগুড়া
১২) অধ্যক্ষ, বাংলাদেশ মাদরাসা শিক্ষক প্রশিক্ষণ ইনস্টিটিউট

স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.০৪০.৯৯.০০৭.২০.৭৮৯/১

তারিখ: ২৩ আশ্বিন ১৪২৭
০৮ অক্টোবর ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:
১) সচিবের একান্ত সচিব, সচিব-এর দপ্তর, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ

৮-১০-২০২০
মীর জাহিদ হাসান
যুগ্মসচিব

শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
পিআইডব্লিউ শাখা
www.techedu.gov.bd
এফ-৪/বি, আগারগাঁও , শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।

স্মারক নম্বর: ৫৭.০৩.০০০০.০১৯.২৩.০৩৫.২০.৫৯

তারিখ: ৭ কার্তিক ১৪২৭
২৩ অক্টোবর ২০২০

উপর্যুক্ত পত্রের নির্দেশনা মোতাবেক জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের শাসনামলে প্রণীত আদেশ/আইন ইত্যাদি সংশোধন/পরিমার্জনের ক্ষেত্রে মন্ত্রিসভা-বৈঠকে গৃহীত সিদ্ধান্ত অনুসরণের নিমিত্ত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রাপ্ত পত্রের ছায়ালিপি নির্দেশক্রমে প্রেরণ করা হলো।

২৫-১০-২০২০
মো: খুরশিদ আলম
সহকারী পরিচালক

১) প্রকল্প পরিচালক(সকল), কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
২) আঞ্চলিক পরিচালক, আঞ্চলিক পরিচালক, আঞ্চলিক পরিচালকের

কার্যালয়(সকল বিভাগ)।
৩) অধ্যক্ষ, টিকনিক্যাল টিচার্স ট্রেনিং কলেজ, ঢাকা/ইঞ্জিনিয়ারিং কলেজ(সিলেট/ময়মনসিংহ/ফরিদপুর/বরিশাল বিভাগ)।
৪) অধ্যক্ষ, পলিটেকনিক ইনস্টিটিউট(সকল)/ভোকেশনাল টিচার্স ট্রেনিং ইনস্টিটিউট, বগুড়া।
৫) অধ্যক্ষ, ফেনী কম্পিউটার ইনস্টিটিউট, ফেনী/ গ্রাফিক আর্টস ইনস্টিটিউট, ঢাকা/বাংলাদেশ ইনস্টিটিউট অব গ্লাস এন্ড সিরামিক, ঢাকা /বাংলাদেশ সার্ভে ইনস্টিটিউট, কুমিল্লা।
৬) অধ্যক্ষ, টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ(সকল)।
৭) সহকারী পরিচালক (শাখা-১/২৩/৪/৫/৬/৭/৮/৯/১০/পিআইডব্লিউ), কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
৮) ইকুইপমেন্ট অফিসার, সেন্ট্রাল স্টোর ও সার্ভিসিং সেন্টার, পাঠানটুলি, নারায়নগঞ্জ।
৯) প্রশাসনিক কর্মকর্তা, সাধারণ শাখা, কারিগরি শিক্ষা অধিদপ্তর
১০) প্রতিষ্ঠান প্রধান, বেসরকারী কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান(সকল)।

স্মারক নম্বর: ৫৭.০৩.০০০০.০১৯.২৩.০৩৫.২০.৫৯/১

তারিখ: ৭ কার্তিক ১৪২৭
২৩ অক্টোবর ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:
১) পরিচালক (প্রশাসন//ভেকেশনাল/পিআইডব্লিউ/পিআইইউ/পরি: ও উন্নয়ন), কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
২) সচিবের একান্ত সচিব, সচিব-এর দপ্তর, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
৩) সহকারী সচিব, সমন্বয় শাখা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
৪) ভারপ্রাপ্ত কর্মকর্তা (আইসিটি সেল) (ভারপ্রাপ্ত), আইসিটি সেল , কারিগরি শিক্ষা অধিদপ্তর (পত্রটি ওয়েভ সাইটে প্রকাশ ও সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের ই-মেইলে প্রেরণের অনুরোধসহ)।
৫) ব্যক্তিগত সহকারী , মহাপরিচালক-এর দপ্তর, কারিগরি শিক্ষা অধিদপ্তর(মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৬) নথি।

২৫-১০-২০২০
মো: খুরশিদ আলম
সহকারী পরিচালক